**বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট**
**স্বাধীনতা ভবন**
**৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০**
**প্রশাসন বিভাগ**
(www.bffwt.gov.bd)

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৪০.০০৪.২১-৩০৩

তারিখ: ২১ ভাদ্র ১৪২৮
০৫ সেপ্টেম্বর ২০২১

বিষয় : বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃক ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা প্রদান সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব এস এম মাহবুবুর রহমান<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| সভার তারিখ ও সময় | : ২৯ আগস্ট ২০২১ খ্রি:, বিকাল ০৩.০০ ঘটিকা |
| সভার স্থান | : সভাকক্ষ (৫ম তলা), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা |

সভায় উপস্থিত কর্মকর্তাদের উপস্থিতি-পরিশিষ্ট 'ক'

সভাপতি সভার প্রারম্ভে সভায় অংশগ্রহণকারী ট্রাস্টের পরিচালকবৃন্দ, ট্রাস্টের সচিব ও কর্মকর্তা/কর্মচারীদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বীর সেনানী মুক্তিযোদ্ধাদের স্বাগত জানান। তিনি বলেন, জাতির শ্রেষ্ঠ সন্তান মুক্তিযোদ্ধাদের পুনর্বাসনকল্পে ১৯৭২ সালে মহামান্য রাষ্ট্রপতির আদেশ নম্বর ৯৪ মূলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট গঠন করেছিলেন। বীর মুক্তিযোদ্ধাদের অনেকের বয়স এখন ৬০-৮০ বছর। তাঁদের অনেকের পক্ষেই সেবা গ্রহণের জন্য গ্রাম-গঞ্জ হতে ঢাকায় আসা অনেক কষ্টসাধ্য ব্যাপার। তাই তাঁদের সেবা প্রদান প্রক্রিয়া যাতে আরও সহজ করা যায় সে বিষয়ে সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

০২। সভাপতি আরও বলেন নাগরিক সেবায় উদ্ভাবন ধারণাটি বিশ্বব্যাপী ব্যাপকভাবে আলোচিত। সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/সংস্থায় একটি করে 'ইনোভেশন টিম' গঠনের নির্দেশনাসূচক ০৮ই এপ্রিল ২০১৩ খ্রি: তারিখ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে উদ্ভাবনী চর্চার বিষয়টি প্রাতিষ্ঠানিক রূপ লাভ করে। নাগরিকের প্রয়োজন ও চাহিদা বিবেচনা করে সরকারি সেবা প্রদান প্রক্রিয়ার উন্নয়ন বা সহজিকরণই উদ্ভাবনের প্রাথমিক উদ্দেশ্য। এ উদ্দেশ্য বাস্তবায়নে গণকর্মচারীগণের মধ্যে সেবা গ্রহীতার প্রকৃত অবস্থা অনুধাবণে সহমর্মীতা (এমপ্যাথি) এবং কাংখিত পরিবর্তন অন্বেষণে পরীক্ষা-নিরীক্ষার ঝুঁকি গ্রহণের প্রতি ইতিবাচক দৃষ্টিভঙ্গি প্রয়োজন। তিনি সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে পর্যালোচনা সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০৩। সভাপতির অনুমতিক্রমে সভায় অংশ নিয়ে সচিব (উপসচিব) বলেন, জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের সেবায় নিজেকে নিয়োজিত করতে পারায় ধন্য মনে করছি। এ জন্য আমি অত্যন্ত আনন্দিত ও গর্বিত। বীর মুক্তিযোদ্ধাদের প্রাপ্য সেবাসমূহ আরও দ্রুত ও সহজ করার জন্য ইতোমধ্যে ডাটাবেইজ ফরম পূরণ প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে তা বাস্তবায়ন করার জন্য তিনি সবার সহযোগিতা কামনা করেন।

চলমান পাতা-০২

০৪। সভাপতি বলেন বীর মুক্তিযোদ্ধাদের সেবা প্রদান যাতে কোনোভাবেই ব্যাহত না হয় সে বিষয়ে আমাদের সচেষ্ট থাকতে হবে এবং এ সেবা প্রদান প্রক্রিয়া যাতে আরও সহজতর করা যায়, সে বিষয়ে নতুন নতুন আইডিয়া উদ্ভাবন করতে হবে। তিনি ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত বিষয়ের সর্বশেষ অবস্থা কি সে বিষয়ে হালনাগাদ তথ্য সহকারী প্রোগ্রামার (আইসিটি)-কে উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।

০৫। আইসিটি কর্মকর্তা বলেন, বীর মুক্তিযোদ্ধাদের সেবা দোর গোড়ায় পৌঁছে দেয়ার জন্য একটি ডাটাবেজ ম্যানেজমেন্ট সফটওয়্যার (TMIS) প্রস্তুত তৈরী হয়েছে। উক্ত সফটওয়্যারের মাধ্যমে সেবা গ্রহীতাগণ তাদের স্ব-স্ব ডাটা আপলোড করেছেন। ইতোমধ্যে প্রায় ৫৬৯৭ জন সেবা গ্রহীতার ডাটা এন্ট্রি আপলোড করা হয়েছে। উক্ত ডাটা এন্ট্রির কাজ দ্রুত শেষ করার কাজে সহযোগিতা করার অনুরোধ জানিয়ে সকল জেলা প্রশাসকদের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। তথাপিও সেবা গ্রহীতাগণ অত্যন্ত মন্থর গতিতে তাদের স্ব স্ব ডাটা ডাটাবেইজে আপলোড করছেন। তিনি বহুল প্রচারের জন্য পুনরায় জেলা প্রশাসকদেরকে পত্র দেয়ার এবং ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের জন্য অনুরোধ জানান। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

<u>সিদ্ধান্তঃ</u>

(০১) প্রস্তুতকৃত সফটওয়্যারে সেবা গ্রহীতাদের স্ব-স্ব ডাটা দ্রুত এন্ট্রি করার জন্য ইলেকট্রনিক মিডিয়া স্ক্রলে ও প্রিন্ট মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(০২) ডাটা এন্ট্রির কাজ দ্রুত সম্পাদনে সহযোগিতার জন্য সকল জেলা প্রশাসকদের পুনরায় পত্র দিতে হবে;

(০৩) যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাগণের প্রাপ্য সেবাসমূহ আরও দ্রুত ও সহজে তাঁদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার বিষয়ে চেষ্টা অব্যাহত রাখতে হবে।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস এম মাহবুবুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক
ও
চিফ ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৫৬১৮১৩

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৪০.০০৪.২১-৩৫৬ তারিখ: ২১ ভাদ্র ১৪২৮ / ০৫ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। চিফ ইনোভেশন অফিসার, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা

০২। পরিচালক (শিল্প ও বাণিজ্য/অর্থ/কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

০৩। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) ও সদস্য ইনোভেশন টিম, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

০৪। উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ) ও সদস্য ইনোভেশন টিম, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

০৫। উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (অর্থ) ও সদস্য ইনোভেশন টিম, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

০৬। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৭। সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল) ও সদস্য ইনোভেশন টিম,বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

০৮। সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল) ও বিকল্প ফোকাল পয়েন্ট, ও সদস্য ইনোভেশন টিম, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট। (ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার অনুরাধসহ)

০৯। অফিস কপি/গার্ড ফাইল।

০৫/০৯/২০২১

(তরফদার মোঃ আক্তার জামীল)
সচিব (উপসচিব)
ও
ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট